

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২৫, ২০১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বিদ্যুৎ বিভাগ  
প্রজ্ঞাপন

তারিখ, ২৭ ফাল্গুন ১৪১৬/১১ মার্চ ২০১০

নং বিজ্ঞাখস/বিঃউঃ-১/বেসরকারিকরণ-৮৮/২০০৮/৮৫৪—“বিদ্যুৎ খাতে বেসরকারি অংশগ্রহণ বৃদ্ধির নীতিমালা, ২০০৮” (æPolicy Guidelines for Enhancement of Private Participation in the Power Sector, 2008”) এর ৪ নং ধারার নিম্নরূপ সংশোধনী জারী করিল :

সেকশন/ধারা	বাংলা	ইংরেজী
৪(ঘ)	(১) বাংলা পাঠের প্রস্তাবিত নীতি ৪(ঘ) নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে : “বিদ্যুৎ বিতরণকারী সংস্থা, বিইআরসি এর অনুমোদন সাপেক্ষে, প্রয়োজনে বাণিজ্যিক বিদ্যুৎ স্থাপনাসমূহ হইতে বিদ্যুৎ ক্রয় করিতে পারিবে। বিইআরসি উক্তরূপ বিদ্যুৎ স্থাপনাসমূহের জন্য বিভিন্ন প্রকার জ্বালানী (গ্যাস, ফার্নেস অয়েল, কয়লা, বায়ু, সৌর, পানি, ডিজেল, বর্জ্য ও এলএনজি ইত্যাদি) এবং সম্ভাবনাময় জ্বালানী ও অঞ্চল ভিত্তিক (Bench Mark) পৃথক পৃথক স্থূল ট্যারিফ (Bulk Tariff) নির্ধারণ করিবে এবং উক্ত ট্যারিফ সময় সময় পুনঃনির্ধারিত করা যাইবে।”	উক্ত সংশোধনের আলোকে ইংরেজী অনুবাদ (English Version) অংশের প্রস্তাবিত Section 4(d) নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে : æDistribution Licensees may purchase power from commercial Power Plants, as needed subject to the approval of BERC. BERC shall determine the individual bench mark bulk tariff for different types of fuels (Gas, Furnace oil, Coal, Wind, Solar, Hydro, Diesel, Waste, LNG etc) on the potential area wise for these power plants and the tariff may be refixed from time to time.”

(১৭৫৯)

মূল্য : টাকা ২.০০

সেকশন/ধারা	বাংলা	ইংরেজী
	<p>বাংলা পাঠের নীতি ৮(ক) এর দফা (আ) এর পর প্রস্তাবিত নতুন দফা (ই) নিম্নরূপে স্থাপিত হইবে :</p> <p>“(ই) দফা (অ) এবং (আ) তে যাহা কিছুই থাকুক না কেন, যদি কোন দেশী বা বিদেশী বিনিয়োগকারী বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপনের প্রস্তাব (Unsolicited Proposal) সরকার অথবা সরকারি খাতের বিদ্যুৎ সংস্থার নিকট দাখিল করে এবং উক্ত প্রস্তাব কারিগরীভাবে উপযুক্ত (Technically Viable) বলিয়া প্রতীয়মান হইলে, এই নীতিমালার নীতি ৪(ঘ) এর বিধান অনুসারে সরকার ও সরকারি খাতের বিদ্যুৎ সংস্থা বিইআরসি কর্তৃক নির্ধারিত জ্বালানী ও অঞ্চলভিত্তিক (Bench Mark) স্থূল ট্যারিফ (Bulk Tariff) অনুযায়ী এই নীতিমালার দ্বিতীয় অধ্যায়ের অধীন স্থাপিত বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র হইতে প্রয়োজন অনুসারে বিদ্যুৎ ক্রয় করিতে পারিবে।”</p>	<p>উক্ত সংশোধনের আলোকে ইংরেজী অনুবাদ (English Version) Section 8(a) sub-clause (ii) এর পর প্রস্তাবিত নতুন sub-clause (iii) নিম্নরূপে স্থাপিত হইবে :</p> <p>æ(iii) Notwithstanding anything contained in clause (i) and (ii), if any Local or Foreign Investor submits a power generation proposal (unsolicited proposal) to GOB or Public Sector Power Utilities and it appears to be technically viable; GOB or Public Sector Power Public Utilities may purchase power under section 4(d) from the investors who established power plants according to part-II, subject to the bench mark bulk tariff determined by BEREC as per Part-II of these Guideline.”</p>

২। “বিদ্যুৎ খাতে বেসরকারি অংশগ্রহণ বৃদ্ধির নীতিমালা, ২০০৮” ইংরেজী ভাষান্তর æPolicy Guidelines for Enhancement of Private Participation in the Power Sector, 2008” এর উপর্যুক্ত সংশোধনী জনস্বার্থে জারী করা হইল এবং তাহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোফাজ্জেল হোসেন

যুগ্ম-সচিব (উন্নয়ন)।

মোঃ মাহুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd